



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সেনবাগ সরকারি কলেজ

সেনবাগ, নোয়াখালী।



www.senbagcollege.gov.bd E-mail- senbaggovt.college@yahoo.com, Mobile: 01754640463

তারিখ : ১৩/০৬/২০২১ খ্রি.

“অ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি”

সেনবাগ সরকারি কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের (২০২২ সালের এইচ.এস.সি পরীক্ষার্থী) জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্টের মাধ্যমে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের অর্জিত শিখনফল ১৪/০৬/২০২১ তারিখ থেকে মূল্যায়ন করা হবে। এ মূল্যায়ন প্রক্রিয়া নিম্নোক্তভাবে সম্পন্ন করা হবে।

০১। অ্যাসাইনমেন্টের প্রশ্ন সংগ্রহ : প্রতি সপ্তাহ স্কুলের দুইদিন পূর্বে মাউশির ওয়েবসাইট অথবা কলেজ ওয়েবসাইট বা ফেইসবুক পেইজে (senbag govt college online class) প্রশ্ন সরবরাহ করা হবে। সপ্তাহ শেষে শিক্ষার্থীরা অ্যাসাইনমেন্ট শেষ করে প্রতিষ্ঠানে জমা দিয়ে পরবর্তী অ্যাসাইনমেন্ট গ্রহণ করবে।

০২। অ্যাসাইনমেন্ট লেখার ক্ষেত্রে A4/লিগ্যাল সাইজের কাগজ ব্যবহার করতে পারবে। এ ক্ষেত্রে নোট, গাইড বা অন্যের লেখা দেখে লিখে জমা দিলে তা সরাসরি বাতিল হয়ে যাবে এবং পুনরায় অ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।

০৩। অ্যাসাইনমেন্টের কভার পেইজে শিক্ষার্থীর নাম, শ্রেণি, বিভাগ, রোল, তারিখ, বিষয়, মোবাইল নাম্বার এবং অ্যাসাইনমেন্টের শিরোনাম স্পষ্ট লিখতে হবে।


০৪। চূড়ান্তভাবে জমাকৃত অ্যাসাইনমেন্টের খাতা ও ফলাফল পরবর্তী কার্যক্রমের জন্য যথাযথভাবে সংরক্ষণ করা হবে।

বিঃদ্রঃ ইতোমধ্যে ১ম সপ্তাহের নির্ধারিত বিষয়সমূহের অ্যাসাইনমেন্টের নির্দেশনা কলেজ ওয়েবসাইট ও ফেইসবুক গ্রুপে দেওয়া হয়েছে।

যোগাযোগঃ আমিরুল ইসলাম লাভলু (কম্পিউটার অপারেটর) ০১৮২৭৬৪৮৮৩ (সকাল ১০টা থেকে বিকেল ৪ টা)

** মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর ওয়েবসাইট: <http://www.dshe.gov.bd/>
কলেজ ওয়েবসাইট www.senbagcollege.gov.bd

*** মাস্ক ব্যতীত কলেজে ক্যাম্পাসে প্রবেশ নিষিদ্ধ।


১৩/০৬/২০২১
মোঃ দিদারুল ইসলাম-৩০৫২
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সেনবাগ সরকারি কলেজ
সেনবাগ, নোয়াখালী (৩০৫২)
মোঃ দিদারুল ইসলাম (৩০৫২)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সেনবাগ সরকারি কলেজ
সেনবাগ, নোয়াখালী